



বাংলাদেশ ব্যাংক
হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১
প্রধান কার্যালয়
ঢাকা।
website : www.bb.org.bd

বিজ্ঞপ্তি নং-০২/২০১৯

তারিখ : ০১ মাঘ, ১৪২৫
১৪ জানুয়ারি, ২০১৯

বাংলাদেশ ব্যাংকে 'সহকারী পরিচালক (গবেষণা)' পদে নিয়োগের উদ্দেশ্যে প্রার্থীদের
লিখিত পরীক্ষা পরিচালনাকারী প্রতিষ্ঠান নির্বাচনের ই-টেন্ডার বিজ্ঞপ্তি।

ক্রমিক	শিরোনাম	বিবরণ
০১	কাজের নাম	বাংলাদেশ ব্যাংকে 'সহকারী পরিচালক (গবেষণা)' পদে নিয়োগের উদ্দেশ্যে কম/বেশি ১০,৪১১ জন প্রার্থীর ০২ ঘন্টা ব্যাপী ২০০ নম্বরের লিখিত পরীক্ষা এক দিনে ০১(এক) সেশনে ঢাকা সিটি কর্পোরেশনদ্বয়ের মধ্যে অবস্থিত পরীক্ষা কেন্দ্রে গ্রহণান্তে মেধাক্রম ও রোল নম্বর অনুযায়ী ফলাফল তালিকা (হার্ড কপি ও সফট কপি) প্রণয়ন ও সরবরাহ।
০২	যোগ্যতা ও অভিজ্ঞতা	সরকার কর্তৃক অনুমোদিত উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান/প্রশিক্ষণ ইনস্টিটিউট/কনসাল্টিং ফার্ম যাদের বিগত ৫(পাঁচ) বছরের মধ্যে (টেন্ডার দাখিলের তারিখ হতে) একক আয়োজনে ও এক সেশনে সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থা/ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে কমপক্ষে ৩,০০০(তিন হাজার) জন প্রার্থীর নিয়োগ পরীক্ষা গ্রহণ ও ফলাফল তৈরীর অভিজ্ঞতা থাকতে হবে।
০৩	নির্দেশিকা ও সিডিউল	বিস্তারিত নির্দেশনা ও শর্তাবলী সম্বলিত দরপত্র সিডিউল বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট www.bb.org.bd এর e-Tender-এ পাওয়া যাবে।
০৪	অংশগ্রহণ কার্যক্রম	উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে ই-টেন্ডারিং-এ অংশগ্রহণে আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে (www.bb.org.bd) রেজিস্ট্রেশন সম্পন্ন করতঃ আর্থিক প্রস্তাবের নির্ধারিত ফরম পূরণপূর্বক যোগ্যতা, অভিজ্ঞতা ও সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্রাদির সত্যায়িত কপি আপলোড করতে হবে। দরপত্র সংশ্লিষ্ট প্রামাণ্য যাবতীয় কাগজপত্রাদি হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১ এর মহাব্যবস্থাপক মহোদয়ের অফিস কক্ষে রক্ষিত টেন্ডার বক্সেও দাখিল করা যাবে।
০৫	দাখিলের শেষ সময়	৩০/০১/২০১৯ তারিখ (রোজঃ বুধবার) বেলা ১২ঃ০০ টা পর্যন্ত।
০৬	খোলার সময়	৩০/০১/২০১৯ তারিখ (রোজঃ বুধবার) বেলা ১২ঃ১৫ টায় দরদাতাগণ অথবা তাদের প্রতিনিধিবৃন্দের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্রসমূহ হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১ এর মহাব্যবস্থাপক মহোদয়ের অফিস কক্ষে অনলাইনে খোলা হবে।
০৭	অন্যান্য শর্ত	অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ দরপত্র গ্রহণযোগ্য বিবেচিত হবে না। বাংলাদেশ ব্যাংক কর্তৃপক্ষ সর্বনিম্ন দরপত্র গ্রহণে বাধ্য নয় এবং কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল অথবা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

স্বাক্ষরিত/-
(নূর-উন-নাহার)
মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৩০৪৯২